

উপজেলা পরিক্রমা

মনোহরদী

নরসিংদী (মনোহরদী), ১০ ডিসেম্বর (সংবাদদাতা)।— নরসিংদী জেলা শহর থেকে ৩০ মাইল দক্ষিণে গুরুত্বপূর্ণ উপজেলা মনোহরদী। উপজেলার লোক সংখ্যা ৪,১০,৩১২। আয়তন ১৬০ বর্গমাইল। গ্রামের সংখ্যা— ৩০২টি। ইউনিয়নের সংখ্যা— ১৪ টি। মোট জমি ৯৭,৪৬০ একর। প্রধান ফসলের মধ্যে ধান, পাট, কাঁঠাল ও বাংলাদেশের বিখ্যাত পান এ উপজেলায় উৎপন্ন হয়।

যোগাযোগ

ধানা থেকে উপজেলায় উন্নীত হবার পর মনোহরদীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে বরাদ্দকৃত লাখ লাখ টাকা দিয়ে উপজেলার রাস্তাঘাট সোনা দিয়ে বাধানো যেতো বলে কৌতুকপ্রিয় লোকেরা গল্প করে থাকেন। লাখ লাখ টাকা ব্যয়ের পরও উক্ত উপজেলায় যাতায়াতে জনসাধারণের দুর্ভোগের অবসান হয়নি। মনোহরদী উপজেলায় ৮৪০ মাইল কাঁচা রাস্তার মধ্যে মাত্র ৫ মাইল রাস্তা পাকা করা হলেও তা বেশীর ভাগ অংশই এখন যানবাহন চলাচলের অনুপযোগী।

শিক্ষা ব্যবস্থা

মনোহরদী উপজেলা অতীতকাল থেকে পিছিয়ে আছে শিক্ষা ব্যবস্থার দিক দিয়ে। ২০টি প্রাথমিক বিদ্যালয় সরকারী অনুমোদনের প্রতীক্ষায় আছে দীর্ঘদিন যাবত। এসব বিদ্যালয়ের অবস্থা শোচনীয়। অন্যদিকে এ উপজেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় নানাবিধ সমস্যায় জর্জরিত।

চিকিৎসা ব্যবস্থা

উপজেলার ৪ লাখ ১০ হাজার ৩শ ১২ জন অধিবাসীর জন্য রয়েছে ১টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র ও ২টি উপস্বাস্থ্য কেন্দ্র। এসব স্বাস্থ্য কেন্দ্র নানাবিধ সমস্যায় আক্রান্ত। হাসপাতালে আগে শত শত রোগী প্রতিদিন ওষুধ না পেয়ে ফিরে যেতো।

হাটবাজার

মনোহরদী উপজেলায় সাপ্তাহিক ও প্রতিদিনের হাটবাজারের অবস্থা শোচনীয়। অধিকাংশ হাটবাজারে পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় বৃষ্টির পানি জমে কাদার সৃষ্টি হয়। বৃহত্তর হাট হচ্ছে— সাগরদীর বাজার, চালাকচর বাজার, ভূঞা বাজার ইত্যাদি।